ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৩৩৭০

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের “প্রস্থোডন্টিক্স এবং ক্রাউন এবং ব্রিজ” ডিপার্টমেন্টের সাফল্য**



মুখ্যমন্ত্রী প্রফেসর মানিক (ডাঃ) সাহার পদক্ষেপের ফলেই রাজ্যে একটি ডেন্টাল কলেজ স্থাপন হয়েছে। রাজ্যের জনগণ এখন আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালেই দাঁতের নানা জটিল সমস্যার চিকিৎসা পরিষেবা পেয়ে উপকৃত হচ্ছেন। এই হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকগণ এখন দাঁতের পাশাপাশি মুখগহ্বরেরও নানা জটিল সমস্যার চিকিৎসা নিয়মিত প্রদান করছেন। এছাড়াও ক্ষতিগ্রস্ত বা ত্রুটিপূর্ণ দাঁত এবং চোয়ালের টিস্যু প্রতিস্থাপন ইত্যাদি বিভিন্ন জটিল সমস্যার চিকিৎসার এক নির্ভরশীল ও ভরসাস্থল হয়ে উঠেছে আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতাল। এই হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ও স্বাস্থ্যকর্মীরা দক্ষতার সাথে একের পর এক জটিল থেকে জটিলতর দাঁত,দাঁতের পাটি, চোয়ালের টিস্যু,ক্রাউন এবং ব্রিজ ইত্যাদি প্রতিস্থাপন করে চলেছেন। আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে “প্রস্থোডন্টিক্স এবং ক্রাউন অ্যান্ড ব্রিজ” ডিপার্টমেন্টে রোগীদের কৃত্রিম প্রতিস্থাপনের প্রয়োজনে তাদের রোগ নির্ণয়, চিকৎসা পরিকল্পনা ইত্যাদি নিয়ে কাজ করে। যাদের সম্পূর্ণ বা আংশিক দাঁতের পাটি প্রতিস্থাপনের প্রয়াজন রয়েছে বা কৃতিম দাঁতের মেরামত প্রয়োজন, এই ডিপার্টমেন্ট প্রতিস্থাপনের সাথে জড়িত সকল রকম পরিষেবা সফলতার সঙ্গে নিয়মিতভাবে প্রদান করে থাকে। আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের উক্ত ডিপার্টমেন্ট এখন পর্যন্ত সর্বমোট ২৪০০ জন রোগীর সফলভাবে দাঁতের পাটি প্রতিস্থাপন করা হয়েছে। প্রতি মাসে ৩০ টি সম্পূর্ণ দাঁতের পাটি, ৭০ টি আংশিক দাঁতের পাটি, ৯০টি স্থায়ী দাঁত প্রতিস্থাপন, ৩০টি মুখ মণ্ডল ও ১০ টি মুখমণ্ডলের টিস্যু ইত্যাদি প্রতিস্থাপন করা হয়েছে। সম্প্রতি টেম্পোরোম্যান্ডিবুলার ডিসঅর্ডার বা চোয়ালের অস্থিসন্ধির সমস্যা রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ফলে উক্ত সমস্যার রোগীদের টিএমজে)TMJ) স্প্লিন্ট দিয়ে সফলভাবে চিকিৎসা করা হয়। এটি সম্পূর্ণ কার্যকরী (হার্ড) পদ্ধতি, তাছাড়া তাতে পিএফএম ক্রাউন বসিয়ে দাঁতের মেরামত করা হয়। পিএফএম ক্রাউন হল এক ধরনের ডেন্টাল ক্রাউন, যেখানে একটি ধাতব কাঠামোর উপর দাঁতের রঙের সিরামিকের স্তর লাগানো থাকে, এটি ক্ষতিগ্রস্ত বা ক্ষয়প্রাপ্ত দাঁত মেরামত করতে ব্যবহৃত হয়,এর স্থায়িত্ব ও সাশ্রয়ী মূল্যের কারণে এটি খুব জনপ্রিয়। আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালের “প্রস্থোডন্টিক্স এবং ক্রাউন অ্যান্ড ব্রিজ” ডিপার্টমেন্টে এই ধরনের দাঁতের প্রতিস্থাপন সম্পর্কিত চিকিৎসা লাভ করে রোগীরা বিশেষ উপকৃত হচ্ছেন। উক্ত ডিপার্টমেন্টের চিকিৎসক ও স্বাস্থ্য কর্মীরা রোগীদের চিকিৎসা পরিষেবা প্রদানে সদা তৎপর রয়েছেন। তাছাড়া এই আগরতলা গভর্নমেন্ট ডেন্টাল কলেজ অ্যান্ড আইজিএম হাসপাতালে এখন আয়ুষ্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা এর অন্তর্ভুক্ত –(সিএমজেএওয়াই)এবং চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা (পিএমজেএওয়াই) রোগীরা সম্পূর্ণ বিনামূল্যেই চিকিৎসা পরিষেবা উপলব্দ। স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

*******